

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট
চট্টগ্রাম।

www.bfri.gov.bd

নং-২২.০৪.০০০০.০০৫.০২-১২৪৫/২০১৬/ ২৭৪৩(৩৩),

তারিখঃ ০৯/০৬/২০২০ খ্রি.

বিষয়ঃ সরকারী চাকুরী হতে অব্যাহতি প্রদান প্রসংগে।

যেহেতু, আপনি জনাব লিটন মিত্র চৌধুরী, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট এর অফিস সহায়ক পদে অস্থায়ীভাবে চাকুরি কালীন সময়ে গত ১২/০৬/২০১৮খ্রি. তারিখ নিয়ন্ত্রণকারী কর্মকর্তার কোন অনুমোদন না নিয়ে কিংবা কোনরূপ অবহিত না করে ১৪/০৬/২০১৮খ্রি. তারিখের ১(এক) দিনের নৈমিত্তিক ছুটির প্রয়োজন মর্মে একটি দরখাস্ত রেখে অদ্যাবধি অনুপস্থিত রয়েছেন।

আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির জন্য ১১/০৭/২০১৮খ্রি. তারিখ ১ম কারণ দর্শানো নোটিশ এবং ৩০/০৮/২০১৮খ্রি. তারিখে ২য় কারণ দর্শানো নোটিশ জারী করে আপনার স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। উক্ত নোটিশের কোন জবাব পাওয়া যায়নি। এছাড়াও সরকারী কাজে অনুপস্থিত থাকার কারণে আপনার বিরুদ্ধে অসদাচরণ ও ডিজারশন এর দায়ে অভিযোগনামা গঠন করে আপনার স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়। আপনি এরও কোন জবাব প্রদান করেননি। এরপর আপনার বিরুদ্ধে অনীত অভিযোগনামা ও কারণ দর্শানোর নোটিশ জারী করে আপনার বাসস্থানে বুলিয়ে জারীর পরও কোন প্রকার জবাব পাওয়া যায়নি।

এমতাবস্থায়, আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির কারণে সরকারী চাকুরি হতে পলায়নের দায়ে দোষী সাব্যস্ত করে সরকারী কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪(৪)(ঘ) অনুচ্ছেদ এর আলোকে আপনাকে ১৫/০৬/২০১৮খ্রি. তারিখ হতে সরকারী চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হলো।

- ১। প্রাপকঃ জনাব লিটন মিত্র চৌধুরী
অফিস সহায়ক, বন ইনভেন্টরী বিভাগ
বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট
চট্টগ্রাম।
- স্থায়ী ঠিকানাঃ
- ২। প্রাপকঃ জনাব লিটন মিত্র চৌধুর, অফিস সহায়ক
পিতাঃ- নরেন মিত্র চৌধুরী (বীর মুক্তিযোদ্ধা)
গ্রামঃ- বানীগ্রাম, ডাকঘরঃ- বানীগ্রাম, থানাঃ- বাঁশখালী।

ড. মোঃ মাসুদুর রহমান
পরিচালক (দায়িত্বপ্রাপ্ত)
ফোনঃ ০৩১-৬৮১৫৭৭


E-mail : director_bfri@ctpath.net

তারিখঃ ০৯/০৬/২০২০ খ্রি.

পত্র নং-২২.০৪.০০০০.০০৫.০২-১২৪৫/২০১৬/ ২৭৪৩(৩৩),

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

১. মুখ্য গবেষণা কর্মকর্তা, বন ব্যবস্থাপনা উইং, বিএফআরআই, চট্টগ্রাম।
২. মুখ্য গবেষণা কর্মকর্তা, বনজ সম্পদ উইং, বিএফআরআই, চট্টগ্রাম।
৩. সকল বিভাগীয় কর্মকর্তা/বিভাগীয় বন কর্মকর্তা ও শাখা প্রধান, বিএফআরআই, চট্টগ্রাম/খুলনা/বরিশাল।
৪. আহবায়ক, প্রশিক্ষন ও প্রযুক্তি হস্তান্তর ইউনিট, বিএফআরআই, চট্টগ্রাম।
৫. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি ইউনিট, বিএফআরআই, চট্টগ্রাম। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
৬. শাখা প্রধান, বন্য প্রাণী শাখা, বিএফআরআই, চট্টগ্রাম।
৭. লাইব্রেরিয়ান, লাইব্রেরী শাখা, প্রশাসন বিভাগ, বিএফআরআই, চট্টগ্রাম।
৮. নির্বাহী কর্মকর্তা, নির্বাহী শাখা, বিএফআরআই, চট্টগ্রাম।
৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডি পি পি আই শাখা, বিএফআরআই, চট্টগ্রাম।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, লিয়াজেঁ অফিস, ৫-বি, প্রেস্টিজ হোমস, ২৩ সেগুনবাগিচা, ঢাকা।
১১. সহকারী হিসাব রক্ষন কর্মকর্তা, প্রশাসন বিভাগ, বিএফআরআই, চট্টগ্রাম।
১২. পরিচালক এর দপ্তর, বিএফআরআই, চট্টগ্রাম।
১৩. আদেশ নামা নথি।



ড. মোঃ মাসুদুর রহমান
পরিচালক (দায়িত্বপ্রাপ্ত)
ফোনঃ ০৩১-৬৮১৫৭৭

E-mail: director_bfri@ctpath.net